



প্রেস রিলিজ

১৮ মার্চ, ২০২২

বাউবি'তে বঙ্গবন্ধুর জন্মদিবসে শিশুদের অনুষ্ঠান ও “বই গাড়ী মেলা”

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাউবি'র শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের শিশু সন্তান, বাউবি ল্যাবরেটরি স্কুল এবং স্থানীয় স্কুলের শিশুদের নিয়ে চিত্রাংকন, বই পড়া ও বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ হুবহু উপস্থাপন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বাউবি মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র “বই গাড়ী মেলার আয়োজন করে। শিশুদের অনুষ্ঠান এবং বই গাড়ী মেলার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। উপাচার্য বলেন শিশুদের এই অনুষ্ঠান এবং বই গাড়ীমেলা জাতির পিতার জীবন এবং আদর্শ সম্পর্কে শিশুদেরকে উদ্বুদ্ধ ও সচেতন করে তুলবে। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল সোনার বাংলার শিশুকিশোররা মানবিক ও আধুনিক শিক্ষার পাশাপাশি খেলাধুলায় বিকশিত হবে। শিশুকিশোরদের মানবিক বিকাশে তাদের সামনে বঙ্গবন্ধুর আত্মত্যাগ-দেশপ্রেম-সংগ্রাম তুলে ধরতে হবে। এতে শিশুকিশোররা আত্মপ্রত্যয়ী হয়ে বেড়ে ওঠবে। বাউবি এই বই গাড়ীমেলার আয়োজন করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি প্রতিবছর ফেব্রুয়ারি মাসে বাউবি ক্যাম্পাসে বই মেলার আয়োজনের প্রত্যয় ব্যক্ত করেন।



বাউবি ক্যাম্পাসে “বই গাড়ী মেলা” উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার পাশে উৎসাহী শিশুরা।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) এবং মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. মাহবুব নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বাউবি বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো. আনোয়ারুল ইসলাম ও শ্রাবণ প্রকাশনীর স্বত্তাধিকারী রবিন আহসান। “বই গাড়ী মেলা অনুষ্ঠান সঞ্চালনা করেন বাউবি'র মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক সাখাওয়াত হোসেন এবং শিশুদের অনুষ্ঠান সঞ্চালনা করেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না।



শিশুদের চিত্রাংকন, বই পড়া ও বঙ্গবন্ধুর ভাষণ হুবহু উপস্থাপন প্রতিযোগিতার উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার শ্রাবণ প্রকাশনীর একটি বই গাড়ী বাউবি'র গাজীপুর ক্যাম্পাসে বৃহস্পতিবার সারাদিন অবস্থান করে এই মেলায় অংশ নেয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, অধ্যাপক, বিভাগীয় প্রধান, সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা কর্মচারী এবং স্থানীয় স্কুলের শিশুরা উপস্থিত থেকে অনুষ্ঠান উপভোগ করেন।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)